



গবাদিপশুর লেমিনাইটিস রোগ



ডাঃ মনোজিৎ কুমার সরকার

যখন গবাদিপশুর পায়ের ক্ষুরের (Hooves) ভিতরের সংবেদনশীল অংশ Laminae নষ্ট হয়ে যায় ও প্রদাহের সৃষ্টি করে তখন তাকে লেমিনাইটিস বলে। লেমিনাইটিস ঘোড়াসহ সকল প্রজাতির প্রাণীতে হয়ে থাকে। লেমিনাইটিস এ আক্রান্ত গরু হাঁটতে খোড়াবে ও ক্ষুরের করনেট গরম মনে হবে।

Etiology কারণ

ধারণা ও বিশ্বাস করা হয় intoxication-ই এ রোগের মূল কারণ। বিশেষ করে ব্যাকটেরিয়া জনিত আন্ত্রিক সমস্যা, Toxin, সাধারণত দীর্ঘ দিন ধরে বেশি পরিমাণ দানাদার খাদ্য খাওয়ানো, গাভীর জরায়ু প্রদাহ, গর্ভফুল আটকে যাওয়া, ওলান প্রদাহ ও ওলানে রস জমা হওয়া laminitis রোগের কারণ।

Epidemiology রোগতত্ত্ব

লেমিনাইটিস সাধারণত বিশেষ পরিস্থিতিতে একটি দলের প্রাণীর মধ্যে বিচ্ছিন্নভাবে হতে দেখা যায়। এটি গরু ও ঘোড়ার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। রোগটি যে কোন লিঙ্গের প্রাণীতে হয়ে থাকে তবে বলদ গরুতে খুব কম হয়। মাঝ বয়সের অর্থাৎ ৪-১০ বৎসর বয়সের প্রাণী খুবই সংবেদনশীল। মোটাতাজাকরণের উদ্দেশ্যে গরুকে একটানা ৪-৬ মাস দৈনিক বেশি পরিমাণে দানাদার খাদ্য খাওয়ানোর ফলে Laminitis-এ রোগে আক্রান্ত হতে পারে।

এ রোগে প্রাণী মারা যায় না, তবে প্রচলিত ক্ষুরের ব্যথার কারণে অন্যান্য অসুবিধার সৃষ্টি করে। এমনকি স্থায়ীভাবে ক্ষুরের গাঠনিক পরিবর্তন ঘটতে পারে। ভেড়া, ঘোড়া ও গরুকে অতিরিক্ত পরিমাণে দানাদার খাদ্য খাওয়ানোর কারণে রোগটি হয়ে থাকে।

দানাদার খাদ্য খাওয়ানোর ফলে পাকস্থলী প্রসারিত হয়ে যায়। Lactic acidosis ও Cardio-vascular collapse হয়ে যেতে পারে। প্রায় ৫০% গাভীতে বাছুর প্রসবের ৩০ দিন আগে এবং

৩০ দিন পরে Laminitis-এ আক্রান্ত হতে দেখা যায়। জরায়ু প্রদাহে আক্রান্ত গাভীতে Laminitis হওয়ার প্রবনতা বেশি।

Pathogenesis: রোগ উৎস ও সংগঠন প্রক্রিয়া

আক্রান্ত গরুর পায়ের ক্ষুরের (Vascular Ded) Lamine-তে রক্ত প্রবাহে প্রচুর পরিমাণে হিস্টামিন নিঃস্বরণের ফলে engorgement (রক্ত প্রবাহ বৃদ্ধি পায়) হয়ে থাকে।

বর্তমানে ভাবা হয় Laminitis-এর জন্য দায়ী Toxic substances বিশেষ করে Lactic acid যা অল্পে অতিরিক্ত কার্বহাইড্রেট ফার্মেন্টেশনের ফলে তৈরি হয়ে থাকে এবং ব্যাকটেরিয়া থেকে endotoxin অবমুক্ত হয়। দানাদার খাদ্য বেশি খাওয়ানোর ফলে Cecum-এর তরল পদার্থে Lactate-এর



পরিমাণ বৃদ্ধি পায় ও bacterial endotoxin-এর লেভেল বৃদ্ধি পায়। Cecum-এ অবস্থিত জীবাণুর (Flora) অবস্থায় পরিবর্তন ঘটে থাকে।

ধারণা করা হয় Lactic acid ও endotoxin-এর কারণে ক্ষুরের Lamine-তে রক্ত প্রবাহ বাধাগ্রস্ত হওয়ায় arterial blood pressure বৃদ্ধি পায়।

Clinical findings লক্ষণ

বাছুর ও ৪-৬ মাস বয়সের ঘোড়ার বাচ্চায় এ রোগ মারাত্মক আকার ধারণ করে। আক্রান্ত গরু বেশিরভাগ সময় শুয়ে



রোগ ও প্রতিকার

থাকবে, উঠে হাঁটতে চাবে না। উঠে দাড়ানোর সময় হাঁটুতে অনেকক্ষণ ভর করে তার পর উঠে দাঁড়াতে সক্ষম হয়। পায়ের Phalanx-এর নীচে ব্যাপক ঘূর্ণায়ন হয়ে থাকে।

চিকিৎসা

- ১। মিথিওনিন ১০ গ্রাম/প্রতি দিন পরপর ৩দিন সেব্য তারপর ৫ গ্রাম/দৈনিক এভাবে ১০ দিন সেব্য।
- ২। ফেনাইলবুটাজনের রক্তনালীর উপর রক্তের চাপ কমাতে।
- ৩। খনিজ তেল খাওয়ালে দাঁত পরিষ্কার হবে।
- ৪। খাদ্য প্রদান কলা-কৌশলে সোডিয়ামের গ্রহণযোগ্যতা কমাতে।

৫। পায়ের ক্ষুরে বরফের সেদ লাগাতে হবে।

৬। মৃদু ধরনের Purgative সেবন করলে Toxic ingesta পেট থেকে বের হতে সহায়তা করবে।

সূত্র

- ১। The vet. manual.
- ২। Internet.

ডাঃ মনোজিৎ কুমার সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কাউনিয়া, রংপুর।